গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

# এনএপিডির ২০২৩-২৪ অর্থবছরের এপিএ-এর মাসিক (মার্চ ২০২৪) অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আব্দুল মোতালেব সরকার,<br>অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব), এনএপিডি |
| তারিখ ও বার | : | ২০ মার্চ ২০২৪ (বুধবার) |
| স্থান | : | এনএপিডি'র বোর্ড রুম |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |

সভার উপস্থিতিঃ

**(ক) উপস্থিত সদস্যবৃন্দঃ** ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক (গবেষণা ও প্রকাশনা)) এনএপিডি, ড. প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ (পরিচালক (প্রশাসন ও অর্থ)) এনএপিডি, জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি, জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান (সিস্টেম এনালিস্ট) এনএপিডি, জনাব মোঃ হেলাল উদ্দিন আকন্দ (প্রধান প্রশিক্ষক-০২) এনএপিডি, জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি, জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপপরিচালক (প্রশাসন)) এনএপিডি, জনাব মৌফুল নাহার (প্রশিক্ষক-০২) এনএপিডি, জনাব মোঃ রমজান আলী (প্রশিক্ষক-০৩) এনএপিডি, জনাব আবেদা সুলতানা (সহযোগী প্রশিক্ষক-০১) এনএপিডি, জনাব মোহাম্মদ জিয়াউর রহমান (সহযোগী প্রশিক্ষক-২) এনএপিডি, জনাব মোঃ সিরাজুল ইসলাম (সহযোগী প্রশিক্ষক-০৩) এনএপিডি, জনাব মোঃ নুরুল আমিন, সহকারী প্রোগ্রামার, এনএপিডি, জনাব দীপায়ন চক্রবর্তী (সহকারী পরিচালক), এনএপিডি।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে একাডেমির সহকারী পরিচালক জনাব দীপায়ন চক্রবর্তী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় -

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | এনএপিডির ২০২৩-২৪ অর্থবছরের এপিএ-এর মাসিক (ফেব্রুয়ারি ২০২৪) অগ্রগতি পর্যালোচনা সভা গত ১২/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রেরণের পর সংশ্লিষ্ট বিষয়ে অন্য কোনো মতামত পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা যেতে পারে। | দৃঢ়ীকরণ করা হলো। | |
| ০২ | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনএপিডির ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র অর্ধ-বার্ষিক প্রতিবেদন মূল্যায়ন | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের এপিএ'র অর্ধ-বার্ষিক ফলাবর্তক প্রদান সভা গত ৩০/০১/২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এনএপিডির অর্ধ-বার্ষিক অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদনের উপর আলোচনা শেষে যেসকল সিদ্ধান্তসমূহ | বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ -এ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন ও অর্জনের গুণগত মান নিশ্চিত করতে হবে এবং আবশ্যিকভাবে -এর মন্তব্য কলামে অগ্রগতি/ব্যাখ্যা প্রদান করে ত্রৈমাসিক প্রতিবেদন | পরিচালক (গবেষণা ও প্রকাশনা), পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং পরিচালক (প্রশিক্ষণ) |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | গৃহীত হয় তার উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। লক্ষ্যমাত্রা অর্জন ও অর্জনের গুণগত মান নিশ্চিতে আরও সচেষ্ট থাকার এবং APAMS Software-এর মন্তব্য কলামে অগ্রগতি/ব্যাখ্যা প্রদান করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | দাখিল করতে হবে। | |
| ০৩ | [১.১.৩] উন্নয়ন প্রশাসন/ প্রকল্প ব্যবস্থাপনা কোর্সে প্রশিক্ষিত কর্মকর্তা | উন্নয়ন প্রশাসন/প্রকল্প ব্যবস্থাপনা কোর্স সংশ্লিষ্ট বিষয়ে আলোচনায় প্রকল্প ব্যবস্থাপনা কোর্সের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মোট ৩১ (একত্রিশ) জন প্রশিক্ষণার্থী কর্মকর্তার সমন্বয়ে গত গত ১০/০৩/২০২৪ তারিখে কোর্সটি শুরু হয়েছে যা আগামী ০১/০৪/২০২৪ তারিখে সমাপ্ত হবে মর্মে সভাকে অবহিত করেন। | প্রকল্প ব্যবস্থাপনা শীর্ষক কোর্সটি সমাপ্ত হলে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের তালিকা ও সংশ্লিষ্ট রিলিজ অর্ডার প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৪ | [১.১.৬] প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রকাশ | প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২৪-২৫ তৈরী বিষয়ে জানুয়ারি ২০২৪ পর্যন্ত প্রশিক্ষণ অনুবিভাগ কর্তৃক মোট ০৮টি সভা আয়োজিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। লক্ষ্যমাত্রা অর্জনের গুণগত মান নিশ্চিতকরণ এবং প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রকাশের জন্য প্রকিউরমেন্ট সংক্রান্ত কার্যক্রম সম্পন্নের প্রয়োজনে আগামী ২৮/০৪/২০২৪ সময়ের মধ্যে একাডেমির প্রশিক্ষণ বর্ষপঞ্জি সংশ্লিষ্ট প্রশিক্ষণ অনুবিভাগের কাজ চূড়ান্ত করে প্রশাসন অনুবিভাগে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বের সাথে আলোচনা হয়। | আগামী ২৮/০৪/২০২৪ তারিখের মধ্যে একাডেমির প্রশিক্ষণ বর্ষপঞ্জি সংশ্লিষ্ট প্রশিক্ষণ অনুবিভাগের কাজ চূড়ান্ত করে প্রকাশের জন্য প্রশাসন ও অর্থ অনুবিভাগকে প্রদান করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ০৫ | [২.২.১] এনএপিডির নতুন সাংগঠনিক কাঠামোর খসড়া প্রণয়ন ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | একাডেমির কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের সভাপতিত্বে আয়োজিত সভায় প্রাপ্ত মতামতের ভিত্তিতে পুনরায় সংশোধন করে এনএপিডির নতুন সাংগঠনিক কাঠামোর খসড়া তৈরী করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | এনএপিডির নতুন সাংগঠনিক কাঠামোর খসড়া চূড়ান্তকরণ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের নিমিত্ত আগামী ৩১/০৩/২০২৪ তারিখে একটি সভা আয়োজন করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | | |
| ০৬ | [২.২.২] শূন্য পদ পূরণের উদ্দেশ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ (০১/০৪/২০২৩ থেকে ৩১/০৩/২০২৪ পর্যন্ত সময়ে শূন্য হওয়া পদ সমূহ) | শূন্য পদ পূরণের উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা হয়। ত ০১/০৪/২০২৩ থেকে ৩১/০৩/২০২৪ তারিখ পর্যন্ত শূন্য হওয়া মোট পদের সংখ্যা ০৫ (পাঁচ)টি যার মধ্যে প্রশিক্ষক (গ্রেড ০৬) ০১টি, গবেষণা কর্মকর্তা (গ্রেড ০৯) ০৩টি, এবং পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড ২০) ০১টি পদ রয়েছে। গত ২৪/০৩/২০২৪ তারিখে গবেষণা কর্মকর্তা (গ্রেড ০৯) ০৩টি পদের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। প্রশিক্ষক (গ্রেড ০৬) ০১টি পদের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ছাড়পত্র পাওয়া প্রক্রিয়াধীন এবং পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড ২০) ০১টি পদের ছাড়পত্র পাওয়া গিয়েছে। শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | শূন্য পদ পূরণের উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তি দ্রুততম সময়ের মধ্যে প্রকাশ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |
| ০৭ | [২.২.৩] এনএপিডির বোর্ড অব গর্ভনরস এর সভা আয়োজিত | গত ১০/০৯/২০২৩ তারিখে একটি সভা আয়োজিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। আগামী মে ২০২৪ মাসের ১ম সপ্তাহে বাকি ০১টি বোর্ড অব গর্ভনরস-এর সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়। | আগামী মে ২০২৪ মাসের ১ম সপ্তাহে বোর্ড অব গর্ভনরস-এর সভা আয়োজন করার বিষয়ে একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের নির্দেশনা নিতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |
| ০৮ | [২.২.৬] একাডেমির অভ্যন্তরীণ অডিট | একাডেমির অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করে সংশ্লিষ্ট কমিটি প্রতিবেদন জমা প্রদান করেছেন মর্মে সভাকে অবহিত | অভ্যন্তরীণ অডিট রিপোর্ট মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের নিকট | পরিচালক (প্র. ও অর্থ), উপপরিচালক (প্র.) ও সহকারী পরিচালক |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | সম্পন্ন | করা হয়। | উপস্থাপনের জন্য প্রশাসন অনুবিভাগ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ০৯ | [৩.১.১] ন্যূনতম ০২ (দুই)টি গবেষণার সর্বশেষ প্রেজেন্টেশন (Final Presentation) সম্পন্ন | ন্যূনতম ০২ (দুই)টি গবেষণার সর্বশেষ প্রেজেন্টেশন (Final Presentation) আগামী ১৫/০৬/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য একাডেমির এপিএ-তে সময় নির্ধারিত রয়েছে। তবে লক্ষ্যমাত্রা অর্জনের গুণগত মান নিশ্চিতের প্রয়োজনে আগামী ১৫/০৫/২০২৪ তারিখের মধ্যে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় গুরুত্বের সাথে আলোচনা হয়। | আগামী ১৫/০৫/২০২৪ তারিখের মধ্যে ন্যূনতম ০২ (দুই)টি গবেষণার সর্বশেষ প্রেজেন্টেশন (Final Presentation) সম্পন্ন করতে হবে। এ বিষয়ে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (গ, ও প্র.) এবং পরিচালক (প্র. ও অর্থ) |
| ১০ | [৩.২.১] বার্ষিক জার্নাল প্রকাশিত | বার্ষিক জার্নালের জন্য আর্টিক্যাল আহবান করার পর মোট ১১টি আর্টিক্যাল পাওয়া গিয়েছে। উক্ত আর্টিক্যালসমূহ মূল্যায়ন করার জন্য নির্ধারিত মূল্যায়নকারীর নিকট প্রেরণ করা হয়েছে এবং এ পর্যন্ত ০৫টি আর্টিক্যাল মূল্যায়ন শেষে মূল্যায়নকারীদের নিকট থেকে পাওয়া গিয়েছে বাকিগুলো খুব শীঘ্রই পাওয়া যাবে মর্মে পরিচালক (গবেষণা ও প্রকাশনা) মহোদয় সভাকে অবহিত করেন। উল্লেখ্য, আগামী ২৫/০৬/২০২৪ তারিখের মধ্যে বার্ষিক জার্নাল প্রকাশ করার লক্ষ্যমাত্রা রয়েছে। তবে লক্ষ্যমাত্রা অর্জনের গুণগত মান নিশ্চিতকরণ এবং জার্নাল প্রকাশের জন্য প্রকিউরমেন্ট সংক্রান্ত | আগামী ০৫/০৫/২০২৪ তারিখের মধ্যে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে বার্ষিক জার্নালের কার্যক্রম সম্পন্ন করে তা প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (গ, ও প্র.) এবং পরিচালক (প্র. ও অর্থ) |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | কার্যক্রমের প্রয়োজনে আগামী ০৫/০৫/২০২৪ তারিখের মধ্যে একাডেমির গবেষণা ও প্রকাশনা অনুবিভাগকে বার্ষিক জার্নালের কার্যক্রম সম্পন্ন করে তা প্রশাসন ও অর্থ অনুবিভাগে প্রেরণ করতে হবে মর্মে সভায় গুরুত্বের সাথে আলোচনা হয়। | | |
| ১১ | সংযোজনী ৪ [১.৫]<br><br>কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রমের আওতায় নথি বিনষ্টকরণ | কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক লক্ষ্যমাত্রায় আগামী ৩১/০৩/২০২৪ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে একাডেমির তিন অনুবিভাগের নথিসমূহ পর্যালোচনা করে বিনষ্ট করা প্রয়োজন এমন নথির তালিকা তৈরি করা এবং এ বিষয়ে মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের অনুমতিক্রমে বিনষ্টকরণ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য গঠিত কমিটি কাজ করছে এবং আগামী ৩১/০৩/২০২৪ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণ কার্যক্রম সম্পন্ন করবেন মর্মে সভায় আলোচনা হয়। | কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক লক্ষ্যমাত্রায় আগামী ৩১/০৩/২০২৪ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে তাগিদ পত্র প্রদান করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ) |
| ১২ | সংযোজনী ৪ [২.২] অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটর) | ক্রমপুঞ্জীভুত লক্ষ্যমাত্রা ১ম ত্রৈমাসিক ৫%; ২য় ত্রৈমাসিক ১৫%; ৩য় ত্রৈমাসিক ৩০%; এবং ৪র্থ ত্রৈমাসিক ৯০% রয়েছে। তন্মধ্যে ২য় ত্রৈমাসিক সময় পর্যন্ত ক্রমপুঞ্জীভুত অর্জন ১৫.০৯%। ৩য় ত্রৈমাসিক সময় শেষে ক্রমপুঞ্জীভুত লক্ষ্যমাত্রা রয়েছে ৩০% রয়েছে যার মধ্যে একাডেমির অর্জন ৩৪.২০%, এছাড়াও প্রমাণক হিসেবে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক | ৪র্থ ত্রৈমাসিক সময়ের মধ্যে ক্রমপুঞ্জীভুত লক্ষ্যমাত্রা রয়েছে ৯০% অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ) ও উপপরিচালক (প্র.) |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | স্বাক্ষরিত ক্রয়কার্য সংশ্লিষ্ট ডকুমেন্ট থাকতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | | |
| ১৩ | সংযোজনী ৪ [৩.৪] লাইব্রেরীতে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্ণার স্থাপন। | লাইব্রেরীতে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্নার স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। উক্ত কর্নারে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক পুস্তক, ম্যাগাজিন, লিফলেট ইত্যাদি রাখা যেতে পারে। আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে যা সভায় আলোচনা হয়। লাইব্রেরিয়ান এবং সহকারী লাইব্রেরিয়ান কর্তৃক স্বাক্ষরিত ও প্রদত্ত তালিকা অনুযায়ী বই ক্রয় করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | লক্ষ্যমাত্রার গুণগত মান নিশ্চিতের প্রয়োজনে নির্ধারিত সময়ের পূর্বেই লাইব্রেরীতে দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্নার স্থাপন করতে হবে। প্রশাসন শাখা এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবে। | পরিচালক (গ, ও প্র.) পরিচালক (প্র. ও অর্থ), এবং লাইব্রেরিয়ান |
| ১৪ | সংযোজনী ৪ [৩.৫] এনএপিডির স্থাবর সম্পত্তির বিবরণী তৈরী | এনএপিডির স্থাবর সম্পত্তির বিবরণী তৈরী করার জন্য গঠিত কমিটিকে প্রতিবেদন প্রদান করার জন্য তাগিদ পত্র প্রদান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | এনএপিডির স্থাবর সম্পত্তির বিবরণী আগামী ১৮/০৪/২০২৪ তারিখের মধ্যে তৈরী করার জন্য গঠিত কমিটিকে তাগিদপত্র প্রদান করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |
| ১৫ | সংযোজনী ৪ [৩.৬] এনএপিডির পেনশনারদের ডাটাবেজ তৈরী | এনএপিডির পেনশনারদের ডাটাবেজ তৈরী করার জন্য গঠিত কমিটিকে প্রতিবেদন প্রদান করার জন্য তাগিদ পত্র প্রদান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | এনএপিডির পেনশনারদের ডাটাবেজ আগামী ১৮/০৪/২০২৪ তারিখের মধ্যে তৈরী করার জন্য গঠিত কমিটিকে তাগিদপত্র প্রদান করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |
| ১৬ | সংযোজনী ৫ [৪.১.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | একাডেমির সকল অনুবিভাগকে ডি-নথি ব্যবহারের মাধ্যমে নথি নিস্পত্তিকরণের জন্য পত্র প্রেরণ করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | একাডেমির সকল অনুবিভাগকে ডি-নথি ব্যবহারের মাধ্যমে নথি নিস্পত্তিকরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (প্র. ও অর্থ), ও উপপরিচালক (প্র.) |

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১৭ | এপিএ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক মাসিক পর্যালোচনা সভা আহবান | প্রতি মাসে একাডেমির অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) মহোদয়ের সভাপতিত্বে এপিএ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক মাসিক পর্যালোচনা সভা আহবান করার বিষয়ে আলোচনা হয়। | প্রতি মাসের ১ম সোমবার (যদি ওই দিন সকারী ছুটির দিন থাকে তবে পরের দিন অর্থাৎ মঙ্গলবার) একাডেমির অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) মহোদয়ের সভাপতিত্বে এপিএ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক মাসিক পর্যালোচনা সভা আহবান করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) ও সহকারী পরিচালক |
| ১৮ | বিবিধ | (ক) এনএপিডির এপিএ ২০২৩-২৪ এর সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনে কর্মপরিকল্পনা অনুযায়ী আলাদা আলাদা ভাবে ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণপূর্বক গঠিত কমিটি একাডেমির ডি-নথিতে বিদ্যমান 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত' নথির মাধ্যমে সংশ্লিষ্ট সকল নোট উপস্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(খ) সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনে আর্থিক সংশ্লেষ রয়েছে এমন নোট একাডেমির পরিচালক পর্যায়ের নিম্নগ্রেডের কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত হলে তা অবশ্যই পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের মাধ্যমে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে মর্মে সভায় গুরুত্বের সাথে আলোচনা হয়। | (ক) এনএপিডির এপিএ ২০২৩-২৪ এর সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনে কর্মপরিকল্পনা অনুযায়ী আলাদা আলাদা ভাবে ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণপূর্বক গঠিত কমিটি একাডেমির ডি-নথিতে বিদ্যমান 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২৩-২৪ বাস্তবায়ন সংক্রান্ত' নথির মাধ্যমে সংশ্লিষ্ট সকল নোট উপস্থাপন করবেন।<br><br>(খ) সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনে আর্থিক সংশ্লেষ রয়েছে এমন নোট একাডেমির পরিচালক পর্যায়ের নিম্নগ্রেডের কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত হলে তা অবশ্যই পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের মাধ্যমে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ, ও প্র.) পরিচালক (প্র. ও অর্থ), পরিচালক (প্রশিক্ষণ) এবং সংশ্লিষ্ট সকল ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

মোঃ আব্দুল মোতালেব সরকার
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব)
এনএপিডি

স্মারক নং- ০৫.৮৮.০০০০.০০৫.০৫.০০৯.২৩ তারিখ: ২৪/০৩/২০২৪

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ড. মোঃ নুরুজ্জামান, পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
২. ড. প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ, পরিচালক (প্রশাসন ও অর্থ), এনএপিডি।
৩. জনাব মোহাম্মদ হাসান তারিক, পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি।
৪. জনাব কাজী মোহাম্মদ সালাতুজ্জামান, সিস্টেম এনালিস্ট, এনএপিডি।
৫. জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, প্রধান প্রশিক্ষক-০৩, এনএপিডি।
৬. জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী, উপ-পরিচালক (প্রশাসন), এনএপিডি।
৭. জনাব তৌহিদুর রহমান চৌধুরী, (উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি।
৮. জনাব মোঃ রমজান আলী, প্রশিক্ষক, এনএপিডি।
৯. জনাব দীপায়ন চক্রবর্তী, সহকারী পরিচালক, এনএপিডি।
১০. জনাব মুবাশ্বিরা আমাতুল্লাহ, মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, এনএপিডি।
১১. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১২. পরিচালক (গবেষণা ও প্রকাশনা/প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনএপিডি।
১৩. অফিস কপি।

দীপায়ন চক্রবর্তী
সহকারী পরিচালক
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)